



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শেরেবাংলা নগর, আগারগাঁও

ঢাকা-১২০৭।



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২১৮.৩২.০০১.১৯.০৯

তারিখঃ ০৯-০৫-২০১৯ খ্রি.

বিষয় : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ভর্তির প্রচার প্রচারণা ও স্ব স্ব প্রতিষ্ঠানে হেল্প ডেস্ক গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ভর্তি নিমিত্তে আগামী ১২ মে ২০১৯ খ্রি. হতে এসএসসি/সমমান উত্তীর্ণ শিক্ষার্থীরা অন-লাইনে আবেদন করতে পারবে। ভর্তি চলমান সময়ে স্ব স্ব জেলায় সরকারি-বেসরকারি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান সমন্বিত ভাবে প্রচার প্রচারণা করা প্রয়োজন। জেলার সরকারি পলিটেকনিক/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষের নেতৃত্বে সকল প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি প্রচার সেল এবং জেলার সংশ্লিষ্ট সকল ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্স পরিচালনাকারী স্ব স্ব প্রতিষ্ঠানে হেল্প ডেস্ক গঠন করার জন্য কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি শিক্ষাক্ষেত্রে ভর্তির নীতিমালা-২০১৯ এর উল্লেখ রয়েছে। এছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সারাদেশ ব্যাপি প্রচারের লক্ষ্যে ০১ লক্ষ পোস্টার মুদ্রণ করেছে। উক্ত পোস্টারের নিচের একটি বক্স রয়েছে, যার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তথ্য সিল/স্টিকার লাগানো যাবে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট জেলার সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান সমন্বিত ভাবে কমিটি গঠন করে জেলার গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার, বিলবোর্ড, মাইকিং, বোর্ড কর্তৃক পেরিত পোস্টার জেলার স্কুলসমূহের সামনে লাগানো এবং স্ব স্ব প্রতিষ্ঠানে হেল্প ডেস্ক গঠন এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(ড. মোঃ মোরাদ হোসেন মোল্ল্যা)

চেয়ারম্যান

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

বরাবর

অধ্যক্ষ

সরকারি পলিটেকনিক/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২১৮.৩২.০০১.১৯.০৯

তারিখঃ ০৯-০৫-২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
- ২। উপ সচিব (কারিগরি-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
- ৩। অধ্যক্ষ.....।
- ৪। নথি।

(মোঃ জাহিরুল ইসলাম)

উপ-পরিচালক (এলএমডি)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।